Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: তুমি কি সে

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Thu, Dec 25, 2025 at 3:15 PM
To: ucaliptas909@gmail.com

তুমি কি সে
লেখক: তাফিফ বিন জামিল

তুমি কি সে—
শরৎ এলে যে আমার শহরে,
পাতার মতো নরম আলো হয়ে পড়ে,
আর আমি হেঁটে যাই অচেনা হাওয়ার ভেতর—
ছায়া খুঁজি তোমার— অবসন্ন হলে দ্বিপ্রহর।
পাখির কুহুতানে যার অধরে মৃদু হাসি ফোটে,
যার দুটি আঁখি চঞ্চল হয়ে ওঠে।
তুমি কি সেই—
এক অপরুপ মায়াবতী?

কখনো নদীর ধারে দাঁড়িয়ে থাকি—
কৃষ্ণ ফুলের কায়াতে মায়া আঁকি।
জল তখন ধূসর কিংবা নীল,
মাছরাঙার ডানায় ঝরে গোধূলি ঝিলমিল।
তার ডানার নিচে লুকানো থাকে;
এক মায়াবীর অনুচ্চারীত নাম—আমার প্রেমের বাঁকে;
প্রেয়সী, তুমি কি সে?

রাত্রি এলে, জানালার কাঁচে কুয়াশা জমে—
আমার চোখে বিষন্ন রাত নামে।
আমি ভেবেছি; হয়তো তুমি এলে—
আলতো পায়ে শিউলির গাছের তলে।
ভেবেছি তুমি আছো আমার চিরচেনা গ্রামে,
চাঁদের আলো যেখানে বাঁকা হয়ে নামে;
সেখানে যদি আমি দাঁড়াই রাত্রি শেষে—
তুমি কি আসবে?
প্রেয়সী আমার সে?

রচনাকাল: ১১ই পৌষ ১৪৩২।